



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

www.dinajpureducationboard.gov.bd
email www.dinajpureducationboard@gmail.com

স্মারক নং-

তারিখঃ

বিষয়ঃ মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-১০২৩৬/২০১৯ এর নির্দেশনা মোতাবেক জনাব মোঃ আলতাফ হোসেন সহকারী শিক্ষক (কৃষি) কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, রংপুর এর ০১/০৯/২০১৯ তারিখের আবেদন নিষ্পত্তি করণ প্রসঙ্গে।

উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার সদর উপজেলাধীন কালেক্টরেট স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক (কৃষি) জনাব মোঃ আলতাফ হোসেন মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-১০২৩৬/২০১৯ আনয়ন করেন। উক্ত রীট পিটিশনের নির্দেশনা মোতাবেক তাঁর ০১/০৯/২০১৯ তারিখের আবেদনটি নিম্নোক্তরূপে নিষ্পত্তি করা হলো।

১। রীট মামলা নং-১০২৩৬/২০১৯ এর নির্দেশনা মোতাবেক জনাব মোঃ আলতাফ হোসেন সহকারী শিক্ষক (কৃষি) কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, রংপুর এবং অধ্যক্ষ, কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, রংপুর উভয়ের মতামত গ্রহণ ও কাগজপত্র পর্যালোচনান্তে দেখা যায় যে, উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগের সময় জনাব মোঃ আলতাফ হোসেন কাম্য শিক্ষাগত যোগ্যতা অর্জন করেননি। তাঁকে প্রাপ্তির শর্তাধীনে নিয়োগ করা হয়।

২। ২০০৯ সালের প্রবিধানমালার ৪১(১)(২)(ক)(খ)(গ)(ঘ)(ঙ) এবং (চ) এর সংশ্লিষ্ট অনুচ্ছেদ ও উপ-অনুচ্ছেদের বিধানমতে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দায়িত্ব ও এখতিয়ার গভার্ণিং বডি। গভার্ণিং বডির সভা আহ্বান করে সিদ্ধান্ত গ্রহণের মাধ্যমে জনাব মোঃ আলতাফ হোসেনের চাকরি, চাকরির প্রয়োজনীয় যোগ্যতার বিষয়গুলো বিশ্লেষণ করে এ সম্পর্কে বিধি মোতাবেক পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

প্রাপক

১। সভাপতি, গভার্ণিং বডি
কালেক্টরেট স্কুল এন্ড কলেজ
ডাকঘরঃ রংপুর, উপজেলাঃ সদর
জেলাঃ রংপুর।

২। অধ্যক্ষ
কালেক্টরেট স্কুল এন্ড কলেজ
ডাকঘরঃ রংপুর, উপজেলাঃ সদর
জেলাঃ রংপুর।

৩। জনাব মোঃ আলতাফ হোসেন, সহকারী শিক্ষক (কৃষি)
কালেক্টরেট স্কুল এন্ড কলেজ
ডাকঘরঃ রংপুর, উপজেলাঃ সদর
জেলাঃ রংপুর।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(মো: আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

স্মারক নং-.....
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরিত হলো।

- ১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব।
- ২। আই.সি.টি ইউনিট (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৩। অফিস কপি।

তারিখঃ.....

(মো: আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।